

নিউ ইয়র্ক সিটি  
2018 পানীয় জল/পানির  
সরবরাহ ও গুণমানের রিপোর্ট

প্রিয় বন্ধুগণ:

পরিবেশ সুরক্ষা বিভাগে (Department of Environmental Protection, DEP) আমার প্রায় 6,000 সহকর্মীর হয়ে আমি সগর্বে জানাচ্ছি যে নিউ ইয়র্ক সিটি বিশ্বের কয়েকটি সেরা কলের জল/পানির মধ্যে একটি। 2018 সালে, আমরা প্রতিদিন প্রায় 10 মিলিয়ন মানুষের কাছে 1 বিলিয়ন গ্যালন বিশুদ্ধ ও সুস্বাদু জল/পানি পৌঁছে দিয়ে যাচ্ছি।

গোটা মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে বিভিন্ন কমিউনিটি তাদের সরকারি জল/পানি সরবরাহের সুরক্ষা সম্পর্কে চিন্তিত রয়েছে। এখানে নিউ ইয়র্ক ভাগ্যক্রমে আমাদের এমন জল/পানি সরবরাহ রয়েছে যা উত্তমরূপে সুরক্ষিত এবং সেই সকল বিজ্ঞানী, ইঞ্জিনিয়ার ও অন্যান্য পেশাদারদের দ্বারা চালিত যারা গোটা বিশ্ব জুড়ে তাদের সহকর্মীদের থেকে প্রশংসা অর্জন করেছেন।

নিউ ইয়র্ক সিটির উচ্চমানের পানীয় জল/পানির প্রমাণ রয়েছে সংখ্যায় ও আপনাদের স্বাদ-কোরকে।

এই রিপোর্টে আপনারা দেখতে পাবেন যে নিউ ইয়র্ক সিটির পানীয় জল/পানি প্রতিটি জাতীয় ও স্টেটের গুণমানের মানক পূরণ করে বা তাকে অতিক্রম করে যায়। এই তথ্যের ভিত্তি হল আমাদের গোটা জলাধার ব্যবস্থা জুড়ে এবং গোটা সিটি জুড়ে প্রতিটি পাড়ার 1,000টি রাস্তার ধারের নমুনা সংগ্রহ কেন্দ্রে DEP এর বিজ্ঞানীদের দ্বারা সংগৃহীত 53,200 নমুনা। এই নমুনাগুলিকে আমাদের জল/পানির গুণমানের চারটি পরীক্ষাগারে কাজ করা বিজ্ঞানীদের দ্বারা 654,000 বার বিশ্লেষণ করা হয়েছে। DEP যে সবসময় নিউ ইয়র্ক সিটিতে সেরা মানের জল/পানি পাঠাচ্ছেন তা নিশ্চিত করতে আমাদের জলাধারগুলিতে থাকা রোবটিক পর্যবেক্ষণ আরও 1.3 পরীক্ষা প্রদান করেছে।

এই চমৎকার বৈজ্ঞানিক ফলাফলগুলি আমাদের গ্রাহকদের ও নিউ ইয়র্কের অন্যান্য বাসিন্দাদের দ্বারা গত গ্রীষ্মে প্রমাণীকৃত হয়েছে। 2018 সালে, নিউ ইয়র্ক স্টেটের কলের জল/পানির স্বাদ পরীক্ষা প্রতিযোগিতায় নিউ ইয়র্ক সিটি প্রথম স্থান অধিকার করেছে। এই সম্মানের ভিত্তি হল সেই শয়ে শয়ে মানুষ যারা নিউ ইয়র্ক সিটিতে ও সাইরাকিউসের স্টেট মেলায় বেশ কয়েক ডজন নগর, শহর ও গ্রামের জল/পানির স্বাদ নিতে লাইন দিয়েছিলেন। পরিশেষে, নিউ ইয়র্ক সিটি আমাদের অসাধারণ স্বাদের জল/পানির জন্য ব্লুরিবন পেয়েছে।

এই উত্তম ফলগুলির কোনোটিই দুর্ঘটনাক্রমে ঘটেনি। আমাদের পানীয় জল/পানি ব্যবস্থা বিশাল জলাধার, বড়ো বড়ো ড্যাম, শয়ে শয়ে মাইল লম্বা জলপ্রণালী ও হাজার হাজার মাইল লম্বা জল/পানি সরবরাহের প্রধান পাইপগুলির উপর নির্ভর করে। পানীয় জল/পানির পরিকাঠামোয় সুস্থিত ও মনোযোগী বিনিয়োগ নিউ ইয়র্ক সিটির ভবিষ্যতের চাবিকাঠি। সেই কারণেই আপনি DEP এর এখনকার ও আগামী দশকগুলির বেশ কিছু সংখ্যক পরিকাঠামো বিনিয়োগ সম্পর্কিত প্রতিবেদন সংবাদও দেখতে পাবেন। 2018 সালে, আমরা কয়েকটি মুখ্য জলাধার ও বিশুদ্ধতা কেন্দ্রের মধ্যকার চালনায় স্থিতিস্থাপকতা ও নমনীয়তার উন্নতি ঘটাতে ওয়েস্টচেস্টার কাউন্টিতে একটি \$1.2 বিলিয়নের সুড়ঙ্গ তৈরির প্রকল্পের ঘোষণা করেছি। আমাদের জল/পানি সরবরাহ ব্যবস্থার ইতিহাসে সর্ববৃহৎ মেরামতি প্রকল্প, \$1 বিলিয়নের ডেলাওয়ার অ্যাকুইডাক্ট বাইপাস চ্যানেল, গত বছরে টানেলিং মেশিন মাটি খুঁড়তে খুঁড়তে হাডসন নদীর দিকে এগোনোর সঙ্গে সুস্থিত অগ্রগতি বজায় রেখেছে। আপনারা পরবর্তী পৃষ্ঠাগুলিতে এগুলির ও অন্যান্য প্রকল্পের সম্পর্কে বিস্তারিত জানতে পারবেন।

আমরা 2019 ও তার পরবর্তী সময়ের দিকে তাকিয়ে, আপনাদের পানীয় জল/পানি সরবরাহের ক্রিয়াকলাপ, সুরক্ষা ও রক্ষণাবেক্ষণের জন্য DEP এর উপর আস্থা রাখায় আমি আপনাদের ধন্যবাদ জানাতে চাই। আমরা প্রতিদিন লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীকে সেরা জল/পানি সরবরাহ করতে পেরে বিশাল গর্ববোধ করি।

বিনীত,

ভিনসেন্ট স্যাপিয়েঞ্জা (Vincent Sapienza), P.E.

কমিশনার

## নিউ ইয়র্ক সিটির জল/পানি সরবরাহ

নিউ ইয়র্ক সিটির জল/পানি সরবরাহ ব্যবস্থা নিউ ইয়র্ক সিটির 8.6 মিলিয়নেরও বেশি বাসিন্দাদের এবং সারা বছর ধরে সিটিতে আসা লক্ষ লক্ষ পর্যটক ও যাত্রীদের কাছে রোজ আনুমানিক এক বিলিয়ন গ্যালন নিরাপদ পানীয় জল/পানি পৌঁছে দেয়। এই জল/পানি সরবরাহ ব্যবস্থা ওয়েস্টচেস্টার, পান্টাম, অরেঞ্জ ও উলস্টার কাউন্টিতে বসবাসকারী আনুমানিক এক মিলিয়ন মানুষের কাছে প্রতিদিন প্রায় 105 মিলন গ্যালন জল/পানি পৌঁছে দেয়। সার্বিকভাবে, নিউ ইয়র্ক সিটির জল/পানি সরবরাহ ব্যবস্থা নিউ ইয়র্ক স্টেটের প্রায় অর্ধেক জনগণের কাছে উচ্চমানের পানীয় জল/পানি পৌঁছে দেয়।

### নিউ ইয়র্ক সিটির পানীয় জল/পানি কোথা থেকে আসে?

নিউ ইয়র্ক সিটি প্রায় 2000 বর্গমাইল জুড়ে অবস্থিত জল/পানি ব্যবস্থার 19টি জলাধার ও তিনটি নিয়ন্ত্রিত হ্রদের থেকে তার পানীয় জল/পানি পায়। এই জল/পানি ব্যবস্থা নিউ ইয়র্ক সিটিতে নয়, বরং খানিকটা উত্তরদিকে অবস্থিত, যার খানিকটা হাডসন উপত্যকায় ও ক্যাটস্কিল পর্বতে যেগুলি সিটির থেকে 125 মাইল পর্যন্ত দূরে অবস্থিত। এই রিপোর্টের সামনের প্রচ্ছদের ভিতরে জল/পানি ব্যবস্থা ও জলাধারগুলির একটি মানচিত্র পাওয়া যাবে। নিউ ইয়র্ক সিটির জল/পানি সরবরাহ ব্যবস্থা, সরকারি জল/পানি ব্যবস্থা সনাক্তকরণ সংখ্যা (Public Water System Identification Number, PWSID) NY7003493, তিনটি একক জল/পানি সরবরাহ নিয়ে গঠিত যাদের নাম ক্যাটস্কিল/ডেলাওয়্যার সরবরাহ, যেগুলির অবস্থান ডেলাওয়্যার, গ্রীন, স্কেহেরি, সালিভান ও উলস্টার কাউন্টিতে; ক্রোটন সরবরাহ, পান্টাম, ওয়েস্টচেস্টার ও ডাচেস কাউন্টিতে নিউ ইয়র্ক সিটির উত্তর অংশের থেকে আসা মূল সরবরাহ; এবং দক্ষিণপূর্ব কুইন্সে ভূগর্ভস্থ জল/পানির একটি সরবরাহ। যদিও পরিবেশ সুরক্ষা বিভাগ (DEP) এর কাছে ভূগর্ভস্থ জল/পানি সরবরাহ চালানোর অনুমতি রয়েছে, বহু বছর গ্রাহকদের কাছে সেই ব্যবস্থা থেকে জল/পানি সরবরাহ করা হয়নি।

2018 সালে, নিউ ইয়র্ক সিটি ক্যাটস্কিল/ডেলাওয়্যার ও ক্রোটন সরবরাহ থেকে পানীয় জল/পানির একটি মিশ্রণ পায়। ক্যাটস্কিল/ডেলাওয়্যার সরবরাহ থেকে আনুমানিক 94 শতাংশ ও ক্রোটন সরবরাহ থেকে আনুমানিক ছয় শতাংশ সরবরাহ প্রদান করতো।

## ক্যাটস্কিল/ডেলাওয়ার (CATSKILL/DELAWARE) সরবরাহ

আমাদের ক্যাটস্কিল/ডেলাওয়ার সরবরাহের মান খুব ভালো হওয়ায় নিউ ইয়র্ক সিটি হল দেশের সেই পাঁচটি মাত্র বড়ো শহরের অন্যতম যাতে এমন ভূপৃষ্ঠের পানীয় জল/পানি সরবরাহ রয়েছে যা বিশুদ্ধ করার উপায় হিসেবে পরিস্রাবণকে ব্যবহার করে না। বরং, ক্যাটস্কিল/ডেলাওয়ার সরবরাহ পরিস্রাবণ পরিহার সংকল্প (FAD) এর অধীনে কাজ করে এবং সরবরাহের থেকে আসা জল/পানিকে জীবাণুঘটিত ঝুঁকি কমাতে দূরকর্মের নির্বীজকরণ প্রক্রিয়ায় বিশুদ্ধ করা হয়।

ক্যাটস্কিল/ডেলাওয়ার UV নির্বীজকরণ কেন্দ্রে জল/পানিকে ক্লোরিন দিয়ে জীবাণুমুক্ত করা হয়, যেটি একটি সাধারণ নির্বীজকরণের উপাদান যা জীবাণু নাশ করতে ও পাইপে ব্যাকটেরিয়া বৃদ্ধি পাওয়া আটকাতে যোগ করা হয়, এবং আবার করে জীবাণুমুক্ত করা হয় যখন তা অতিবেগুনী (UV) রশ্মির তোলা দিয়ে বয়ে যায়। ওয়েস্টচেস্টার কাউন্টিতে অবস্থিত কেন্দ্রটি, যেটি এধরনের কেন্দ্রগুলির মধ্যে বিশ্বের সর্ববৃহৎ, প্রতিদিন 2 মিলিয়ন গ্যালনেরও বেশি জল/পানি জীবাণুমুক্ত করার জন্য নকশা করা হয়েছে। UV জীবাণুমুক্তকরণ কেন্দ্রে, UV আলোর সামনে রাখলে সম্ভাব্য ক্ষতিকর জীবাণুগুলিকে নিষ্ক্রিয় করে দেয়। UV বিশুদ্ধ জল/পানির রাসায়নিক পরিবর্তন ঘটায় না, কারণ এতে শক্তি ছাড়া আর কিছুই যোগ করা হয় না।

DEP জল/পানিকে বণ্টনের জন্য পাঠানোর আগে জলে/পানিতে খাদ্যমান সম্পন্ন ফসফোরিক অ্যাসিড, সোডিয়াম হাইড্রক্সাইড ও ফ্লুরাইডও যোগ করে। ফসফোরিক অ্যাসিড যোগ করার কারণ হল এটি পাইপের গায়ে একটি সুরক্ষা পর্দা তৈরি করে যা সরবরাহের লাইন ও গৃহস্থালির নলের থেকে সীসার মতো ধাতু ক্ষয়ে মিশে যাওয়া কমাতে pH বাড়তে ও গৃহস্থালির জল/পানি সরবরাহ ব্যবস্থার ক্ষয় কমাতে সোডিয়াম হাইড্রক্সাইড যোগ করা হয়। দাঁতের সুরক্ষা উন্নত করতে এবং 0.7 মিগ্রা/লি এর যুক্তরাষ্ট্রীয় অনুমোদিত মাত্রায় দস্তক্ষয় প্রতিরোধে কার্যকর হওয়ায় ফ্লুরাইড যোগ করা হয়। 2018 এর মধ্যে, ক্যাটস্কিল/ডেলাওয়ার সরবরাহের কেবলমাত্র 0.3 শতাংশ জল/পানি ফ্লুরাইড-যুক্ত করা হয়নি।

## ক্রোটন জল/পানি পরিস্রাবণ কারখানা

ক্রোটন সরবরাহ ক্রোটন জল/পানি পরিস্রাবণ কারখানায় পরিস্কৃত হয়, যেটি ব্রঙ্ক্সে ভূগর্ভে অবস্থিত। এই কারখানাটির প্রতিদিন 290 মিলিয়ন গ্যালন পানীয় জলে/পানিতে বিশুদ্ধ করার ক্ষমতা রয়েছে, যা সিটির জন্য খরার সময় যথেষ্ট জল/পানি সরবরাহ নিশ্চিত করতে সাহায্য করে এবং জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাবের বিরুদ্ধে নিউ ইয়র্ক সিটির সরবরাহের নমনীয়তা বৃদ্ধি করে। ক্রোটন জল/পানি পরিস্রাবণ কারখানা মে 2015-তে প্রথম কাজ করতে শুরু করে। 2018 সালে, এটি 17 মে থেকে 15 আগস্ট, 26 সেপ্টেম্বর থেকে 14 অক্টোবর ও 17 অক্টোবর থেকে 31 ডিসেম্বর, 2018 পর্যন্ত চালু ছিল।

জল/পানি পরিস্রাবণ কারখানায় এসে গেলে তার থেকে অশুদ্ধি দূর করতে বিশুদ্ধ করা হয়। বিশুদ্ধ প্রক্রিয়ার মধ্যে থাকে তঞ্চন, দ্রবীভূত বায়ু ভাসন, বালি পরিস্রাবণ ও জীবাণুমুক্তকরণ। তঞ্চনের সময় বিশুদ্ধ না করা জলে/পানিতে রাসায়নিক যোগ করা হয়, যার ফলে ক্ষুদ্রকণাগুলি একত্র হয় ও ফ্লক নামক বৃহৎ কণায় পরিণত হয়। এরপর দ্রবীভূত বায়ু ভাসন নামক প্রক্রিয়ায় প্রবর্তিত বায়ু-বুদ্বুদগুলি ফ্লকগুলিকে একেবারে উপরে তুলে দেয়, যেখানে সেগুলিকে তুলে ফেলা হয়। শেষমেশ, বালি পরিস্রাবণের সময়, জল/পানিকে একটি বালির স্তরের মধ্যে দিয়ে প্রবাহিত করা হয় যাতে অবশিষ্ট কণাগুলিও দূর হয়ে যায়। ক্যাটস্কিল/ডেলাওয়ার সরবরাহের মতোই সম্ভাব্য ক্ষতিকর জীবাণু থেকে জল/পানিকে রক্ষা করতে ক্লোরিন ও UV আলো দিয়ে জীবাণুমুক্ত করা হয়। সেইসঙ্গে, ক্রোটনের জলকেও ফসফোরিক অ্যাসিড, সোডিয়াম হাইড্রক্সাইড ও ফ্লুরাইড দিয়ে বিশুদ্ধ করা হয়। 2018 এর মধ্যে, ক্রোটন জল/পানি পরিস্রাবণ কারখানার কেবলমাত্র 0.06 শতাংশ জল/পানি ফ্লুরাইড-যুক্ত করা হয়নি।

## পানীয় জল/পানির গুণমান

### নিউ ইয়র্ক সিটির জল/পানি সরবরাহ

নিউ ইয়র্ক সিটির জল/পানি সরবরাহ ব্যবস্থা নিউ ইয়র্ক সিটির 8.6 মিলিয়নেরও বেশি বাসিন্দাদের এবং সারা বছর ধরে সিটিতে আসা লক্ষ লক্ষ পর্যটক ও যাত্রীদের কাছে রোজ আনুমানিক এক বিলিয়ন গ্যালন নিরাপদ পানীয় জল/পানি পৌঁছে দেয়। এই জল/পানি সরবরাহ ব্যবস্থা ওয়েস্টচেস্টার, পান্টাম, অরেঞ্জ ও উলস্টার কাউন্টিতে বসবাসকারী আনুমানিক এক মিলিয়ন মানুষের কাছে প্রতিদিন প্রায় 105 মিলন গ্যালন জল/পানি পৌঁছে দেয়। সার্বিকভাবে, নিউ ইয়র্ক সিটির জল/পানি সরবরাহ ব্যবস্থা নিউ ইয়র্ক স্টেটের প্রায় অর্ধেক জনগণের কাছে উচ্চমানের পানীয় জল/পানি পৌঁছে দেয়।

#### নিউ ইয়র্ক সিটির পানীয় জল/পানি কোথা থেকে আসে?

নিউ ইয়র্ক সিটি প্রায় 2000 বর্গমাইল জুড়ে অবস্থিত জল/পানি ব্যবস্থার 19টি জলাধার ও তিনটি নিয়ন্ত্রিত হ্রদের থেকে তার পানীয় জল/পানি পায়। এই জল/পানি ব্যবস্থা নিউ ইয়র্ক সিটিতে নয়, বরং খানিকটা উত্তরদিকে অবস্থিত, যার খানিকটা হাডসন উপত্যকায় ও ক্যাটস্কিল পর্বতে যেগুলি সিটির থেকে 125 মাইল পর্যন্ত দূরে অবস্থিত। এই রিপোর্টের সামনের প্রচ্ছদের ভিতরে জল/পানি ব্যবস্থা ও জলাধারগুলির একটি মানচিত্র পাওয়া যাবে। নিউ ইয়র্ক সিটির জল/পানি সরবরাহ ব্যবস্থা, সরকারি জল/পানি ব্যবস্থা সনাক্তকরণ সংখ্যা (Public Water System Identification Number, PWSID) NY7003493, তিনটি একক জল/পানি সরবরাহ নিয়ে গঠিত যাদের নাম ক্যাটস্কিল/ডেলাওয়্যার সরবরাহ, যেগুলির অবস্থান ডেলাওয়্যার, গ্রীন, স্কাহেরি, সালিভান ও উলস্টার কাউন্টিতে; ক্রোটন সরবরাহ, পান্টাম, ওয়েস্টচেস্টার ও ডাচেস কাউন্টিতে নিউ ইয়র্ক সিটির উত্তর অংশের থেকে আসা মূল সরবরাহ; এবং দক্ষিণপূর্ব কুইন্সে ভূগর্ভস্থ জল/পানির একটি সরবরাহ। যদিও পরিবেশ সুরক্ষা বিভাগ (DEP) এর কাছে ভূগর্ভস্থ জল/পানি সরবরাহ চালানোর অনুমতি রয়েছে, বহু বছর গ্রাহকদের কাছে সেই ব্যবস্থা থেকে জল/পানি সরবরাহ করা হয়নি।

2018 সালে, নিউ ইয়র্ক সিটি ক্যাটস্কিল/ডেলাওয়্যার ও ক্রোটন সরবরাহ থেকে পানীয় জল/পানির একটি মিশ্রণ পায়। ক্যাটস্কিল/ডেলাওয়্যার সরবরাহ থেকে আনুমানিক 94 শতাংশ ও ক্রোটন সরবরাহ থেকে আনুমানিক ছয় শতাংশ সরবরাহ প্রদান করতো।

#### পানীয় জল/পানির প্রবিধানসমূহ

পানীয় জল/পানির (কলের জল/পানি ও বোতলবন্দি জল/পানি উভয়ই) উৎসগুলির মধ্যে পড়ে নদী, হ্রদ, জলাধার, পুকুর, জলাধার, বর্ণা ও কুয়ো। জল/পানি ভূপৃষ্ঠের উপর দিয়ে বা ভূগর্ভের মধ্যে দিয়ে বয়ে যাওয়ার সময় প্রাকৃতিকভাবে উৎপন্ন খনিজ ও, কিছু কিছু ক্ষেত্রে, তেজস্ক্রিয় পদার্থ, দ্রবীভূত করে এবং এর সঙ্গে প্রাণীদের উপস্থিতি বা মানুষের কার্যকলাপের ফলে বস্তু ও মিশে যেতে পারে। উৎসের জলে/পানিতে দূষণকারী পদার্থের মধ্যে উপস্থিত থাকতে পারে: জীবাণুঘটিত দূষক, অজৈব দূষক, কীটনাশক ও আগাছানাশক, জৈব রাসায়নিক দূষক এবং তেজস্ক্রিয় দূষক।

কলের জল/পানি পানের পক্ষে নিরাপদ হওয়া নিশ্চিত করতে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ(New York State Department of Health, NYSDOH) ও মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবেশ সুরক্ষা সংস্থা(Environmental Protection Agency, EPA) যে প্রবিধানের ব্যবস্থা করেছে তাতে সরকারি জল/পানি ব্যবস্থাগুলির দ্বারা প্রদত্ত জলে/পানিতে কিছু নির্দিষ্ট দূষণকারী পদার্থের পরিমাণ সীমায়িত করা হয়েছে। NYSDOH এবং যুক্তরাষ্ট্রীয় খাদ্য ও ঔষধ প্রশাসনের (FDA) প্রবিধানগুলি বোতলবন্দি জলে/পানিতে দূষণকারী পদার্থের সীমা প্রতিষ্ঠা করে, যা জনস্বাস্থ্যকে কিছু সুরক্ষা প্রদান করা আবশ্যিক। দূষণকারী পদার্থের উপস্থিতি অকাত্যরূপে এটা ইঙ্গিত করে না যে সেই জল/পানির থেকে স্বাস্থ্যের কোনো ঝুঁকি রয়েছে। এই প্রবিধানগুলি কলের জল/পানি পানের পক্ষে নিরাপদ হওয়া নিশ্চিত করতে প্রতিটি ব্যবস্থার আবশ্যিকভাবে যে পরীক্ষা ও পর্যবেক্ষণের দায়িত্ব নেওয়া দরকার তার ন্যূনতম পরিমাণও প্রতিষ্ঠা করে।

DEP এর জল/পানির গুণমান পর্যবেক্ষণ কার্যক্রম – আইনের প্রয়োজনের থেকেও অনেক বেশি ব্যাপক – প্রদর্শিত করে যে নিউ ইয়র্ক সিটির পানীয় জল/পানির উচ্চ গুণমান বজায় থাকবে এবং তা যাবতীয় স্টেট ও যুক্তরাষ্ট্রীয় পানীয় জল/পানির প্রমিত মান পূরণ করবে। পানীয় জল/পানি সংক্রান্ত অতিরিক্ত তথ্য এখানে পাওয়া যাবে: [www.epa.gov/safewater](http://www.epa.gov/safewater) বা [www.health.ny.gov](http://www.health.ny.gov)।

#### পানীয় জল/পানির নমুনা সংগ্রহ ও পর্যবেক্ষণ

DEP বন্টন ব্যবস্থা, উত্তরের জলাধার ও ফীডার প্রণালীগুলি এবং কুয়োগুলির পর্যবেক্ষণ করে যেগুলি নিউ ইয়র্ক সিটির পানীয় জল/পানির উৎস। এই লক্ষ্য অর্জন করতে, DER গোটা জল/পানি ব্যবস্থা জুড়ে ও জল/পানি বন্টন ব্যবস্থায় প্রবেশের সময় জীবাণুঘটিতও, রাসায়নিক ও ভৌত পরিমাণগুলি সহ জল/পানির গুণমানের কিছু নির্দিষ্ট স্থিতিমাপের ক্রমাগত পর্যবেক্ষণ ও বিশ্লেষণ পরিচালনা করে। DEP গোটা নিউ ইয়র্ক সিটি জুড়ে 1,000 জল/পানির গুণমানের নমুনা কেন্দ্রে নিয়মিত জল/পানির গুণমান পরীক্ষাও করে থাকে। 2018 সালে, DEP যাবতীয় স্টেটের ও যুক্তরাষ্ট্রীয় পর্যবেক্ষণের প্রয়োজনীয়তা পূরণ করতে বন্টন ব্যবস্থার থেকে পাওয়া 37,500 নমুনার উপর আনুমানিক 414,000 বিশ্লেষণ সম্পাদন করে। পৃষ্ঠা 10-এ শুরু হওয়া টেবিলগুলিতে এই ডেটার সারসংক্ষেপ করা হয়েছে। তদতিরিক্ত, পরিস্রাবণ পরিহার সংকল্পের (FAD) জল/পানি ব্যবস্থা সুরক্ষা কার্যক্রমকে সমর্থন করতে ও জল/পানির মান নিখুঁত করতে DEP উত্তরের জলাধারগুলির জল/পানি ব্যবস্থা থেকে আসা 15,700 নমুনার উপর আনুমানিক 240,000 বিশ্লেষণ সম্পাদন করেছে এবং প্রায় 1.3 মিলিয়ন রোবটিক পর্যবেক্ষণ পরিমাপ করেছে।

## পানীয় জলে/পানিতে সীসা

নিউ ইয়র্ক সিটির জল/পানি স্বাস্থ্যকর ও পানের পক্ষে নিরাপদ। এটি আমাদের উত্তর অংশের জলাধার ব্যবস্থার থেকে নয় মিলিয়ন নিউ ইয়র্কবাসীর কাছে বস্তুত সীসামুক্ত অবস্থায় পৌঁছে দেওয়া হয়। যদিও, কিছু কিছু পুরনো বাড়িতে সীসার নল-ব্যবস্থা থাকতে পারে যা জল/পানির মধ্যে অল্প পরিমাণে সীসা ছাড়তে পারে। ভাগ্যক্রমে, বাসিন্দারা কয়েকটি সহজ পদক্ষেপ নিয়ে তাদের উন্মুক্ত হওয়ার মাত্রা ন্যূনতম করতে পারেন।

### স্বাস্থ্যের উপর সীসার প্রভাব কী কী?

সীসা হল একটি ধাতু যা, বিশেষ করে ছোটো শিশুদের ও গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে, ক্ষতিকর হতে পারে। এটি একটি নিউরোটক্সিন যা ছোটো শিশুদের বিকাশ, আচরণ ও শেখার ক্ষমতাকে প্রভাবিত করতে পারে। গর্ভাবস্থায় সীসায় উন্মুক্ত হওয়ার ফলে সদ্যোজাতদের জন্মের সময় ওজন কম হতে ও বিকাশে বিলম্ব হতে পারে। পরিবেশে সীসার অনেকরকম উৎস রয়েছে, যার মধ্যে উঠে আসা পেন্ট বিশেষভাবে উল্লেখযোগ্য, এবং সীসায় উন্মুক্ত হওয়া যথাসম্ভব কমানো জরুরি।

### আমার পানীয় জলে/পানিতে কি সীসা থাকে?

পানীয় জল/পানি পুরনো সীসায়ুক্ত জল/পানির নল-ব্যবস্থার উপাদানের, যেমন পাইপ, সোল্ডার, কল, ফিটিং ও ভালভ, সংস্পর্শে এলে সীসা ছাড়তে পারে। বেশ কয়েক ঘণ্টা ধরে জল/পানি ব্যবহার না করা হলে, যেমন সারারাত ধরে, তা জলে/পানিতে বেশি পরিমাণে সীসা ছাড়তে পারে। DEP এই ছাড়া কমাতে NYC এর জল/পানি সরবরাহে বিশুদ্ধ করে এবং আমাদের ঘন ঘন করা পরীক্ষায় নিশ্চিত করা গেছে যে তা কার্যকর। তবুও, এই বিশুদ্ধ করা যাবতীয় কলে সবসময় সীসা কমিয়ে নিরাপদ মাত্রায় আনতে পারে না।

### পানীয় জলে/পানিতে সীসা পর্যবেক্ষণ

সবকিছু পৌরসভার এই দুটি ধাতুর জন্য পানীয় জল/পানি নিয়মিত পরীক্ষা করার এবং প্রমিত মান পূরণ না হলে সুরক্ষা ব্যবস্থা নেওয়ার প্রয়োজন হওয়ার জন্য 1990 এর দশকে যুক্তরাষ্ট্রীয় সীসা ও তামা বিধি প্রতিষ্ঠিত হয়। DEP প্রতি বছর শয়ে শয়ে বাড়ির পানীয় জল/পানির বিশ্লেষণ করে এবং এই নমুনাগুলি প্রমাণ করে যে পানীয় জল/পানি যুক্তরাষ্ট্রীয় প্রমিত মান পূরণ করে। এই রিপোর্টের পৃষ্ঠা 13 এর টেবিলে এই ফলাফলগুলি উপস্থাপিত হয়েছে।

### আমি কীভাবে আমার সীসায় উন্মুক্ত হওয়া সীমায়িত করতে পারি?

DEP সীসায় উন্মুক্ত হওয়া কমাতে পানীয় জল/পানি পান বা রান্না করার জন্য ব্যবহারের সময় নিম্নলিখিত পদক্ষেপগুলি নেওয়ার সুপারিশ করছে:

- 30 সেকেন্ড ধরে বা জল/পানি ঠাণ্ডা হওয়া পর্যন্ত জল/পানি পড়তে দিন। জল/পানি একবার ঠাণ্ডা হয়ে গেলে তা আরও 15 সেকেন্ড ধরে পড়তে দিন।
- রান্নার, পান করার বা ইনফ্যান্ট ফর্মুলা প্রস্তুত করার জন্য ঠাণ্ডা জল/পানি ব্যবহার করুন। গরম জলে/পানিতে সীসা ও অন্যান্য ধাতু থাকার সম্ভাবনা বেশি।
- প্রতিমাসে কলের মুখের জালতি (যাকে বায়ুপূরকও বলা হয়), যেখানে ছোটো কণাগুলি আটকে থাকতে পারে, খুলে ফেলুন ও সাফ করুন।
- সীসা থাকতে পারে এমন সংলগ্ন বস্তু ও/বা পরিষেবার লাইন সনাক্ত করতে ও বদলে ফেলতে একজন লাইসেন্সধারী কলের মিস্ট্রীকে নিয়োগ করুন।

### আমি কীভাবে আমার জলে/পানিতে সীসা আছে কিনা পরীক্ষা করাবো?

আপনি আপনার পানীয় জলে/পানিতে সীসা থাকা নিয়ে চিন্তিত হলে আপনি বিনা খরচে আপনার বাড়ির জল/পানি পরীক্ষা করিয়ে নিতে পারেন। DEP নিউ ইয়র্ক সিটির সকল বাসিন্দার কাছে প্রিপেড ডাকমাশুল সহ বিনামূল্যের পরীক্ষার কিট পেশ করে। DEP এর বিনামূল্যের আবাসিক পরীক্ষা কার্যক্রম(Residential Testing Program) হল দেশের এজাতীয় সর্ববৃহৎ কার্যক্রম। DEP কার্যক্রম আরম্ভ হওয়ার সময় থেকে আনুমানিক 130,000 নমুনা সংগ্রহের কিট বিতরণ করেছে। একটি বিনামূল্যের সীসা পরীক্ষার কিটের অনুরোধ করতে **311** নম্বরে ফোন করুন অথবা এখানে যান

[www.nyc.gov/apps/311](http://www.nyc.gov/apps/311).

### আমি কার সঙ্গে যোগাযোগ করবো?

- স্বাস্থ্য-সংক্রান্ত প্রশ্নের জন্য:
- NYC স্বাস্থ্য বিভাগ – Healthy Homes-এ  
(646) 632-6023 নম্বরে ফোন করুন
- [www.nyc.gov/health](http://www.nyc.gov/health) - Healthy Homes, Lead Poisoning Prevention দেখুন
- আপনার নিজে বা আপনার সন্তানের জন্য রক্ত পরীক্ষার প্রয়োজন হলে আপনার স্বাস্থ্য-পরিচর্যা প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করুন
- পানীয় জলে/পানিতে সীসা থাকা সম্পর্কে প্রশ্নের জন্য:
- DEP এর লেড ইউনিটে (718) 595-5364 নম্বরে ফোন করুন অথবা
- DEPLedUnit@dep.nyc.gov -তে ইমেল করুন
- [www.nyc.gov/dep/leadindrinkingwater](http://www.nyc.gov/dep/leadindrinkingwater) দেখুন
- নিরাপদ পানীয় জল/পানির হটলাইনে (1-800-426-4791) ফোন করুন অথবা এখানে যান [www.epa.gov/safewater/lead](http://www.epa.gov/safewater/lead).

## জল/পানি ব্যবস্থা সুরক্ষা ও দূষণ প্রতিরোধ কার্যক্রমসমূহ

### উৎসের জল/পানির মূল্যায়ন কার্যক্রম

যুক্তরাষ্ট্রীয় প্রবিধানসমূহে স্টেটগুলির যে এলাকাগুলি সরকারি কলের জল/পানি সরবরাহ করে, ইনভেন্টরির দূষণকারী পদার্থ সনাক্ত করতে, জল/পানি ব্যবস্থার দূষণ প্রবণতার মূল্যায়ন করতে ও ফলাফল জনগণকে জানাতে উৎসের জল/পানির মূল্যায়ন কার্যক্রম তৈরি করার ও রূপায়নের প্রয়োজন হয়। উৎসের জল/পানির মূল্যায়ন কার্যক্রম কীভাবে রূপায়িত হবে তার ক্ষেত্রে স্টেটগুলিকে বহুল পরিমাণে নমনীয়তা প্রদান করা হয়। উৎসের জল/পানির দূষণের সম্ভাবনা হিসাব করতে সাহায্য করতে উপলব্ধ তথ্য ব্যবহার করে এই মূল্যায়নগুলি তৈরি করা হয়েছে। উচ্চ প্রবণতার রেটিং এর অর্থ এই নয় যে উৎসের জল/পানির দূষণ হয়েছে অথবা জল/পানি সরবরাহে তা হবে; বরং, এগুলি জল/পানি সরবরাহকারীদের অতিরিক্ত সাবধানতা ব্যবস্থা নেওয়ার প্রয়োজনীয়তা নির্দেশ করে।

1993 সালে, তার ক্যাটস্কিল/ডেলাওয়্যার জল/পানি সরবরাহের জন্য নিউ ইয়র্ক সিটি তার প্রথম FAD প্রাপ্ত করে। তাকে অনুসরণ করে 1997 সালে ঐতিহাসিক নিউ ইয়র্ক সিটি ওয়াটারশেড মেমোরান্ডাম অব এগ্রিমেন্ট(New York City Watershed Memorandum of Agreement) তৈরি হয় যাতে স্বাক্ষর করেন সিটি, স্টেট ও যুক্তরাষ্ট্রীয় নিয়ন্ত্রকগণ, জল/পানি ব্যবস্থা কমিউনিটিগুলি ও পরিবেশের পক্ষ-সমর্থনকারীগণ। সেই সময় থেকে, DEP বিভিন্ন প্রকারের দূষণকারী পদার্থ যোগ করার থেকে আমাদের জলাধার ও প্রণালীগুলিকে রক্ষা করতে একসারি কার্যক্রম রূপায়ন করেছে। এই চালু কার্যক্রমগুলি NYSDOH ও EPA এর কড়া নজরের অধীনে কাজ করে। এই প্রয়াসগুলির কারণে, যেগুলি জলবিভাজিকার জল/পানির গুণমানের বার্ষিক রিপোর্টে উল্লেখ করা হয়েছে, NYSDOH নিউ ইয়র্ক সিটির জল/পানি সরবরাহের উৎসের জল/পানির মূল্যায়ন সম্পাদনের প্রয়োজন রয়েছে বলে মনে করে না। DEP এর জল/পানি ব্যবস্থার জল/পানির গুণমানের বার্ষিক রিপোর্ট দেখতে, এখানে যান

[www1.nyc.gov/html/dep/pdf/reports/fad\\_5.1\\_watershed\\_monitoring\\_program-2017-watershed\\_water\\_quality\\_annual\\_report\\_07-18.pdf](http://www1.nyc.gov/html/dep/pdf/reports/fad_5.1_watershed_monitoring_program-2017-watershed_water_quality_annual_report_07-18.pdf)

### নিউ ইয়র্ক সিটির বিশ্বখ্যাত জল/পানি সরবরাহ বজায় রাখা

#### 10-বছরের পরিস্রাবণ পরিহার সংকল্প

DEP আমাদের পানীয় জল/পানির উচ্চ মান বজায় রাখতে বেশ কিছু জল/পানি ব্যবস্থা সুরক্ষা ও দূষণ প্রতিরোধ কার্যক্রমের অর্থায়ন ও তদারকি করে। আমাদের জলাধারগুলি ও তাদেরকে পুষ্ট করা প্রণালী, খাঁড়ি ও নদীর থেকে দূষণকে দূরে রাখার দ্বারা নিউ ইয়র্ক সিটির পানীয় জল/পানিকে তার উৎস থেকে রক্ষা করার জন্য এই বিজ্ঞানভিত্তিক কৌশলগুলির নকশা করা হয়েছে।

2017 সালে, NYSDOH একটি নতুন 10-বছরের FAD জারি করে যা DEP-কে অন্তত 2027 সাল পর্যন্ত পরিস্রাবণ ছাড়া তার ক্যাটস্কিল/ডেলাওয়্যার সরবরাহ চালু রাখার সুযোগ করে দেয়। DEP FAD প্রতিপালন করতে আগামী দশক জুড়ে আনুমানিক \$1 বিলিয়ন সমর্পণ করবে। এই অর্থায়ন যাবে জল/পানি ব্যবস্থার জমি সংরক্ষণে, বর্জ্য জল/পানির পরিকাঠামো উন্নত করতে, জল/পানি ব্যবস্থার খামারগুলিতে নির্মল জল/পানির কৌশল রূপায়নে এবং প্রণালী, অরণ্য ও জল/পানির গুণমানকে প্রভাবিত করে এমন প্রাকৃতিক সম্পদের ব্যবস্থাপনায়।

নতুন FAD সহ, DEP 1993 সাল থেকে জল/পানি ব্যবস্থা সুরক্ষা কার্যক্রমে \$2.7 বিলিয়ন সমর্পণ করেছে, যখন EPA প্রথমবার সিটিকে জলাধারের মতো ভূপৃষ্ঠের থেকে আসা কলের জল/পানি পরিস্রাবণের যুক্তরাষ্ট্রীয় প্রয়োজনীয়তা থেকে ছাড় দেওয়ার কথা প্রকাশ করে। DEP এর জল/পানি ব্যবস্থা কার্যক্রমগুলি এই প্রতিজ্ঞার ভিত্তিতে তৈরি হয়েছে যে, পানীয় জল/পানির গুণমানকে তার উৎসেই রক্ষা করা সবচেয়ে শাস্ত্রীয় ও পরিবেশগত দিক থেকে স্বাস্থ্যকর। পরিস্রাবণের এই ছাড় DEP-কে ক্যাটস্কিল/ডেলাওয়্যার সরবরাহে একটি বড়ো মাপের পরিস্রাবণ কারখানা নির্মাণ এড়ানোর সুযোগ করে দিয়েছে। এরকম একটি কেন্দ্রের নির্মাণের খরচ আনুমানিক \$10 বিলিয়ন, যা তাকে সিটির ইতিহাসে সবচেয়ে বড়ো সরকারি নির্মাণ প্রকল্প করে তুলবে।

বিগত 25 বছর ধরে, DEP এর জলবিভাজিকার কার্যক্রমগুলি জল/পানিকে তার উৎসে রক্ষা করার জাতীয় ও আন্তর্জাতিক মডেলে পরিণত হয়েছে। প্রতি বছর, সারা পৃথিবী থেকে জল/পানি উপযোগিতা ব্যবস্থাপক ও জনস্বাস্থ্য পেশাদারগণ DEP এর কার্যক্রমগুলি অধ্যয়ন করতে আসেন। DEP অস্ট্রেলিয়া, কানাডা, চিলি, চীন, কলম্বিয়া, ভারত, সিঙ্গাপুর, যুক্তরাজ্য এবং নিউ ইয়র্ক সিটির সুরক্ষার প্রয়াসের কোনো অংশ প্রতিক্রিয়া তৈরির দ্বারা জল/পানির গুণমানের চ্যালেঞ্জের সমাধান করতে চান এমন অন্যান্যদের স্বাগত জানিয়েছে।

DEP এর উৎসের জল/পানির সুরক্ষার উদ্যোগ ও কৃতিত্বের মধ্যে রয়েছে:

- জমি অধিগ্রহণ: 1997 সাল থেকে DEP আগে সিটির মালিকানায় থাকা জলাধারগুলির চারপাশের 45,000 একর জমির অতিরিক্ত 152,000 একরেরও বেশি জমি সংরক্ষণ করেছে। স্টেট অব নিউ ইয়র্ক পার্কের জমি বা অরণ্যের জমি হিসেবে 210,000 একর জমির মালিকানা বজায় রেখেছে ও স্থায়ীভাবে রক্ষা করেছে এবং অন্যান্য সত্তাগুলি জল/পানি ব্যবস্থায় 27,000 একর জমি সংরক্ষণ করেছে। সব মিলিয়ে, বর্তমানে জল/পানি ব্যবস্থার প্রায় 40 শতাংশ জমি এখন উন্মুক্ত স্থান হিসেবে সংরক্ষিত।
- কৃষি কার্যক্রম: অলাভজনক সংস্থা ওয়াটারশেড এগ্রিকালচারাল কাউন্সিল, DEP'র জলবিভাজিকার অন্যতম অংশীদার, 450 এরও বেশি "সমগ্র খামার" পরিকল্পনা সম্পূর্ণ করেছে যার মধ্যে রয়েছে স্থানীয় খামারগুলির ব্যবসায়িক ক্রিয়াকলাপে দূষণ প্রতিরোধকে অন্তর্ভুক্ত করা। খামার ধোয়া জল/পানি বয়ে যাওয়া নিয়ন্ত্রণ করার ও স্থানীয় প্রণালীগুলিতে পরিপোষক অথবা সম্ভাব্য দূষণকারী পদার্থের পরিমাণ একেবারে কমানোর 7,800 সেরা ব্যবস্থাপনা রীতিসমূহ এই পরিকল্পনাগুলির পরিপূরক হিসেবে কাজ করে।
- জল/পানি ব্যবস্থার বিশুদ্ধ করার কারখানাগুলি উন্নত করা: DEP ক্যাটস্কিল/ডেলাওয়্যার জলবিভাজিকায় যাবতীয় বেসরকারি ও সরকারি বর্জ্য জল/পানির বিশুদ্ধ করার কারখানা উন্নত করা সম্পূর্ণ করেছে।
- সেপ্টিক ব্যবস্থা মেরামতি: ক্যাটস্কিল ওয়াটারশেড কর্পোরেশন (CWC), সিটির অর্থাযিত আরেকটি অংশীদার সংস্থা, গোটা জলবিভাজিকা জুড়ে থাকা দুর্বল সেপ্টিক ব্যবস্থা মেরামতিতে বিনিয়োগ করেছে, যাতে 2018 সাল জুড়ে 5,500 মেরামতি সম্পূর্ণ করা হয়েছে।
- প্রণালী ব্যবস্থাপনা: DEP জলাধার ব্যবস্থাকে পুষ্ট করা প্রণালীগুলির প্রাকৃতিক ভারসাম্য ও বন্যার সহনক্ষমতা পুনরুদ্ধার করতে একটি সর্বাঙ্গীণ প্রণালী ব্যবস্থাপনা কার্যক্রম রূপায়ন করেছে। 2018 সাল জুড়ে, ক্যাটস্কিলের প্রায় 44 মাইল জলপথ বরাবর প্রণালীর ভারসাম্য ও প্রণালীর ধারের গাছপালা পুনরুদ্ধার করতে কার্যক্রমের থেকে 375টি প্রকল্পের অর্থায়ন করা হয়েছে।
- জমি ব্যবস্থাপনা ও বিনোদন: DEP সিটির মালিকানায় থাকা সেই অরণ্যের ব্যবস্থাপনায় একটি সর্বাঙ্গীণ পরিকল্পনা তৈরি করেছে, যেগুলি জলাধারের দিকে নামার সময় জল/পানিকে প্রাকৃতিকভাবে পরিস্কৃত করে। DEP জল/পানি ব্যবস্থা অঞ্চলে মাছধরা, হাইকিং ও অন্যান্য অল্প-প্রভাবের বিনোদনের জন্য সিটির মালিকানায় থাকা প্রায় 137,000 একর সম্পত্তি খুলে দিয়েছে।
- নিয়ন্ত্রণ কার্যক্রম: জল/পানি ব্যবস্থার সুরক্ষা ও সেই অঞ্চলের চাহিদাগুলির মধ্যে ভারসাম্য রাখার সঙ্গেই DEP জল/পানি ব্যবস্থায় নতুন উন্নয়নের প্রস্তাবগুলি পর্যালোচনা ও অনুমোদন করতে একটি নিয়ন্ত্রণ কার্যক্রমের তদারকি করে এবং বন্যা নিয়ন্ত্রণ করে এমন প্রকল্পগুলি সনাক্ত করতে ও তাতে বিনিয়োগ করতে স্থানীয় কমিউনিটিগুলির সঙ্গে কাজ করে।

নতুন FAD-তে DEP এর এই মূল কার্যক্রমগুলি চালিয়ে যাওয়া প্রয়োজন। এতে DEP এর বর্জ্য জল/পানি সংগ্রহ ও প্রক্রিয়া করতে, প্রণালীগুলি ও তাদের আশেপাশের জমি সংরক্ষণ করতে এবং জল/পানি ব্যবস্থার কৃষকদের সঙ্গে আমাদের কাজকে সম্প্রসারিত করতে নতুন প্রয়াসে অর্থায়নেরও প্রয়োজন হবে। সেইসঙ্গে, FAD-তে ন্যাশনাল অ্যাকাডেমিজ অব সায়েন্সেস, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেডিসিন(National Academies of Sciences, Engineering, and Medicine) এর দ্বারা সিটির উৎসের জল/পানির সুরক্ষা কার্যক্রমের একটি বিশেষজ্ঞ পর্যালোচনা অন্তর্ভুক্ত রয়েছে, যেটি 2020 সালে সম্পূর্ণ হবে বলে প্রত্যাশিত।

FAD সম্পর্কে আরও তথ্য এখানে NYSDOH এর ওয়েবসাইটে পাওয়া যাবে:

[www.health.ny.gov/environmental/water/drinking/nycfad](http://www.health.ny.gov/environmental/water/drinking/nycfad).

এখানে নিউ ইয়র্ক সিটির জল/পানি ব্যবস্থা সুরক্ষা কার্যক্রমগুলি সম্পর্কে আরও তথ্য পাওয়া যাবে: [www.nyc.gov/watershed](http://www.nyc.gov/watershed).

## কেস্কিকো-ইস্টভিউ সংযোগ

DEP গত বছর ওয়েস্টচেস্টার কাউন্টিতে একটি \$1.2 বিলিয়নের সুড়ঙ্গ নির্মাণ প্রকল্পের পরিকল্পনা ঘোষণা করে যাতে কেন্দ্রগুলির মধ্যকার সেইসব কাজকর্মের স্থিতিস্থাপকতা ও নমনীয়তার উন্নতি ঘটবে যেগুলি নিউ ইয়র্ক সিটির পানীয় জলে/পানিতে বিশুদ্ধ করার জন্য বিশেষ জরুরি।

প্রকল্পটির সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় – কেস্কিকো-ইস্টভিউ সংযোগ (KEC) নামে পরিচিত – এটি হবে কেস্কিকো জলাধার ও ক্যাটস্কিল/ডেলাওয়্যার UV নির্বীজকরণ কেন্দ্রের মধ্যকার একটি 2 মাইল লম্বা সুড়ঙ্গ। DEP-কে অন্যান্য কেন্দ্রগুলিকে নির্দিষ্ট সময়ের ব্যবধানে রক্ষণাবেক্ষণ বা পরিদর্শনের উদ্দেশ্যে বন্ধ রাখার সক্ষমতা প্রদান করতে এই নতুন জলপ্রণালীটি জল/পানি সরবরাহের এই বিশেষ জরুরি উপাদানগুলির মধ্যে যাতায়াতের অতিরিক্ত উপায় প্রদান করবে।

KEC প্রকল্পটির মধ্যে থাকবে কেস্কিকো জলাধার থেকে জল/পানি টেনে আনতে এবং UV কারখানায় জল/পানিকে স্থানান্তরিত করতে ও অন্যান্য পরিকাঠামোর কাজের জন্য নতুন সুড়ঙ্গ, কেন্দ্রের নির্মাণ। DEP প্রকল্পের নকশায় সমর্থন জোগাতে ইতিমধ্যেই ঐ এলাকা থেকে মাটি ও তার নীচের স্তরের পাথরের নমুনা সংগ্রহ শুরু করেছে। KEC প্রকল্পের প্রথম অংশের নির্মাণ পাঁচ বছরের মধ্যে শুরু করার প্রত্যাশা করা হচ্ছে; সুড়ঙ্গের কাজটি 2025 সাল নাগাদ শুরু হবে। DEP প্রকল্পটি 2035 সাল নাগাদ শেষ করবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

সম্পূর্ণ হওয়া সুড়ঙ্গটি আনুমানিক 27 ফুট ব্যাসের হবে ও মাটির 400-500 ফুট নীচে দিয়ে যাবে। এটি প্রতিদিন সর্বাধিক 2.6 বিলিয়ন গ্যালন জল/পানি বহন করার মতো বড়ো হবে। এর নকশার কারণে নিউ ইয়র্ক সিটি ও ওয়েস্টচেস্টার কাউন্টির ভবিষ্যৎ বৃদ্ধি ঘটবে, ভবিষ্যতে বিশুদ্ধতা কেন্দ্রগুলি সংযোজনের এবং অন্যান্য কেন্দ্রগুলিকে নির্দিষ্ট সময়ের ব্যবধানে রক্ষণাবেক্ষণ বা পরিদর্শনের উদ্দেশ্যে বন্ধ রাখার সম্ভাবনা দেখা দেবে।



## নিউ ইয়র্ক সিটির জল/পানির শক্তির যোগসূত্র – গ্রীনহাউস গ্যাস কমাতে জল/পানির ভারসাম্যযুক্ত হওয়ার সংযোগ

ভারসাম্যযুক্ত হওয়ার ক্ষেত্রে নিউ ইয়র্ক সিটির বিশ্বসেরা অবস্থানকে এগিয়ে নিয়ে যেতে DEP শহরব্যাপি জলবায়ু পরিবর্তনের উদ্দেশ্য পূরণ করতে গ্রীনহাউস গ্যাস (GHG) নির্গমন চিহ্নিত করতে ও কমাতে থাকছে। DEP'র জল/পানি সরবরাহ, ঝড়বৃষ্টির জল/পানি ও বর্জ্য জল/পানি ব্যবস্থাপনা কেন্দ্রগুলি বর্তমানে নিউ ইয়র্ক সিটির সরকারি ভবনগুলির মোট GHG নির্গমনের 17 শতাংশকে আওতায় আনে। আমাদের নির্গমনের শাখাবিস্তার করতে এবং পরোক্ষভাবে শক্তিসংক্রান্ত সহ-উপযোগিতা প্রদান করতে DEP বেশ কয়েকটি ভারসাম্যযুক্ততা কার্যক্রমে বিনিয়োগ করেছে, যার মধ্যে রয়েছে জল/পানির চাহিদা ব্যবস্থাপনা।

DEP'র 2050 সালের মধ্যে GHG নির্গমন 80 শতাংশ কমানোর মেয়রের OneNYC লক্ষ্য অর্জনের প্রতি অঙ্গীকার (2005 সালের ভিত্তিরেখার সাপেক্ষে) DEP যেভাবে কাজ করে তাকে চালনা করেছে। DEP সম্প্রতি বর্জ্য জলসম্পদ পুনরুদ্ধার কেন্দ্রগুলি (WRRFs) সহ আমাদের বিভিন্ন প্রথাগত কেন্দ্রের দ্বারা উৎপন্ন GHG নির্গমনের পরিমাপ করেছে। যদিও, DEP এর কাছে সংস্থার সার্বিক GHG কার্যভারের উপর জল/পানি সংরক্ষণের ও চাহিদা ব্যবস্থাপনার প্রভাব পরিমাপ করার কোনো উপায় নেই।

আমাদের ডেটার উন্নতি ঘটাতে, DEP 2016 সালে কমতে থাকা জল/পানির চাহিদা ও GHG নির্গমন কমানোর মধ্যে সম্পর্ক গণনা করতে একটি জল/পানি ও শক্তির যোগসূত্রের অধ্যয়ন শুরু করেছে। এই অধ্যয়নটির ভিত্তি হল একটি সহজ সূত্র - নিউ ইয়র্ক সিটি আরও কম পানীয় জল/পানি ব্যবহার করলে তা অবশ্যই তার জল/পানি ও বর্জ্য জল/পানির বিশুদ্ধ করতে আরও কম শক্তি ও রাসায়নিক খরচ করেছে। এর লক্ষ্য ছিল কীভাবে এই হ্রাস আমাদের GHG নির্গমনকে প্রভাবিত করবে তার খোঁজ করা। এই অধ্যয়নের অংশ হিসেবে, বিশেষজ্ঞরা একটি সাধনী তৈরি করেছেন যা এড়াতে পারা GHG নির্গমনের পরিমাপ করে, যখন নিউ ইয়র্কবাসীগণ তাদের জল/পানির চাহিদায় কাটছাঁট করেন, যা DEP-কে বিশুদ্ধ করার জন্য আরও কম শক্তি ব্যবহারের সুযোগ করে দেয়।

জল/পানি ও শক্তির যোগসূত্রের সাধনী ব্যবহার করে DEP আবিষ্কার করেছে যে তার জল/পানির কার্যকারিতার কার্যক্রমগুলি সাফল্যের সঙ্গে GHG নির্গমন কমিয়েছে। মে 2018 এর হিসেবে, DEP'র জল/পানির কার্যকারিতার কার্যক্রমগুলি 400 স্কুলের দূতসংলগ্ন বস্তুর রেট্রোফিট, সিটি পার্কগুলিতে 400 স্প্র শাওয়ার বদলানো ও বহু-পরিবারের আবাসিক ইমারতগুলিতে 12,637 টয়লেট বদলানোর ফলস্বরূপ বছরে 68 মেট্রিক টন (MT) CO<sub>2</sub> এর সমতুল্য (CO<sub>2</sub>e) পরিমাণ কমিয়েছে। সার্বিকভাবে, DEP'র ভারসাম্যের কার্যক্রমগুলি বছরে 480 MT CO<sub>2</sub>e এরও বেশি পরিমাণ কার্বন নির্গমন কমিয়েছে, যার সমতুল্য পরিমাণ হল 131টি প্রমাণ যাত্রীবাহী মোটরগাড়ি (বছরে 10,000 মাইল) বা 6,406-গুলি 60-ওয়াটের আলোর বাল্ব (প্রতিদিন দিনপ্রতি 8 ঘণ্টা করে)।

# নিউ ইয়র্ক সিটির 2018 সালের পানীয় জল/পানির গুণমান পরীক্ষার ফলাফল

নিউ ইয়র্ক সিটির সালের পানীয় জল/পানির গুণমান পরীক্ষার ফলাফল কীভাবে পড়তে হবে

পানীয় জল/পানি সরবরাহ ও গুণমানের রিপোর্ট এর নিম্নলিখিত অংশটি আপনার কলের জল/পানির গুণমান প্রতিটি স্থিতিমাপের (প্রযোজ্য হলে) যুক্তরাষ্ট্রীয় ও স্টেটের প্রমিত মানের সঙ্গে তুলনা করে। পর্যবেক্ষণের ফলাফলে দেখা যাচ্ছে যে নিউ ইয়র্ক সিটির পানীয় জল/পানি 2018 সালে যাবতীয় মান পূরণ করেছে।

সারণী 1 যাবতীয় নিয়ন্ত্রিত ও অনিয়ন্ত্রিত স্থিতিমাপ, সংগৃহীত নমুনার সংখ্যা, সনাক্ত করা মানের পরিসর, সনাক্ত করা মানগুলির গড় স্থিতিমাপগুলির সম্ভাব্য উৎসের জন্য প্রতিপালন পর্যবেক্ষণের ফলাফলকে প্রতিফলিত করে, জাফি না পাদটীকায় অন্য কিছু দেওয়া থাকে। প্রতিটি স্থিতিমাপের পর্যবেক্ষণের পৌনঃপুনিকতা বদলাতে থাকে ও তা স্থিতিমাপ সাপেক্ষ। উপস্থাপিত ডেটা ক্যাটকিল/ডেলাওয়্যার ও ক্রোটন সরবরাহের জন্য, 2018 সালে কেবলমাত্র যেগুলি জল/পানির উৎস হিসেবে ছিল। সারণী 2 সেই স্থিতিমাপগুলিকে উপস্থাপিত করে যেগুলি পর্যবেক্ষণ করা হয়েছিল, কিন্তু কোনো নমুনায় পাওয়া যায়নি।

আমাদের বেশিরভাগ ডেটা 2018 এর পরীক্ষার প্রতিনিধিত্বমূলক; স্থিতিমাপগুলির বা দূষণকারী পদার্থগুলির গাঢ় ঘন ঘন বদলায় না। আপনি আমাদের আগের বছরগুলির রিপোর্ট এখানে দেখে নিতে পারবেন: [www.nyc.gov/waterquality](http://www.nyc.gov/waterquality).

## সংজ্ঞাসমূহ

### পদক্ষেপের মাত্রা (AL):

কোনো দূষণকারী পদার্থের গাঢ়ত্ব, অতিক্রম করলে, যার থেকে বিশুদ্ধ করা অথবা জল/পানি ব্যবস্থার অনুসরণ করা আবশ্যিক এমন অন্যান্য প্রয়োজনীয়তা কাজ শুরু করে দেয়। নমুনাগুলির 10 শতাংশের বেশি পদক্ষেপের মাত্রা ছাড়িয়ে গেলে অতিক্রমণ ঘটে।

### দূষণকারী পদার্থের সর্বোচ্চ মাত্রা (MCL):

পানীয় জলে/পানিতে দূষণকারী পদার্থ সর্বাধিক যে মাত্রায় থাকার অনুমতি রয়েছে। MCL-গুলিকে উপলব্ধ সেরা প্রযুক্তি ব্যবহার করে কার্যকরভাবে MCLG-গুলির যথাসম্ভব কাছাকাছি স্থির করা হয়।

### দূষণকারী পদার্থের সর্বোচ্চ মাত্রার লক্ষ্য (MCLG):

দূষণকারী পদার্থ যে মাত্রার নীচে পানীয় জলে/পানিতে থাকলে স্বাস্থ্যের কোনো রকম ক্ষতি বা প্রত্যাশিত ঝুঁকি নেই। MCLG-গুলি সুরক্ষার ব্যবধান রাখার সুযোগ করে দেয়।

### নির্বীজকারকের সর্বোচ্চ অবশিষ্ট মাত্রা (MRDL):

পানীয় জলে/পানিতে নির্বীজকারক সর্বাধিক যে মাত্রায় থাকার অনুমতি রয়েছে। জীবাণুঘটিত দূষক নিয়ন্ত্রণের জন্য নির্বীজকারক যোগ করার প্রয়োজন হয়।

### নির্বীজকারকের সর্বোচ্চ অবশিষ্ট মাত্রার লক্ষ্য (MRDLG):

নির্বীজকারক যে মাত্রার নীচে পানীয় জলে/পানিতে থাকলে স্বাস্থ্যের কোনো রকম ক্ষতি বা প্রত্যাশিত ঝুঁকি নেই। MRDLGগুলি জীবাণুঘটিত দূষক নিয়ন্ত্রণের জন্য নির্বীজকারক ব্যবহারের উপযোগিতাকে প্রতিফলিত করে না।

### বিশুদ্ধতা কৌশল (TT):

একটি প্রয়োজনীয় প্রক্রিয়া যার উদ্দেশ্য হল পানীয় জলে/পানিতে কোনো দূষকের মাত্রা কমানো।

### 90<sup>তম</sup> শতকরা মান:

সীসা ও তামার জন্য রিপোর্ট করা মানগুলি 90<sup>তম</sup> শতকরা মান উপস্থাপন করে। শতকরা মান হল 100 এর স্কেলে একটি মান যা একটি বণ্টনের মানের সমান বা তার চেয়ে কম শতাংশকে নির্দেশ করে। 90<sup>তম</sup> শতকরা মান হল আপনার জল/পানি ব্যবস্থায় সনাক্ত করা সীসা ও তামার মানের 90 শতাংশের সমান বা তার চেয়ে বেশি।

## একক ও সংক্ষিপ্ত রূপ

CaCO<sub>3</sub> = ক্যালসিয়াম কার্বনেট

সিএফইউ/মিলি = কলোনি তৈরি করা একক প্রতি মিলিলিটার

/সেমি = প্রতি সেন্টিমিটার

°ফা = ডিগ্রী ফারেনহাইট

মাইক্রোগ্রাম/লি = মাইক্রোগ্রাম প্রতি লিটার (10<sup>-6</sup> গ্রাম প্রতি লিটার)

মিউএস/সেমি = মাইক্রোসিমেন্স প্রতি সেন্টিমিটার

মিগ্রা/লি = মিলিগ্রাম প্রতি লিটার (10<sup>-3</sup> গ্রাম প্রতি লিটার)

এমপিএন/100মিলি = মোস্ট প্রোব্যাবেল নাম্বার প্রতি 100 মিলিলিটার

এনডি = পরীক্ষাগারের বিশ্লেষণে দেখা গেছে যে এই স্থিতিমাপটি সনাক্ত হয়নি

এনডিএল = কোনো নির্দিষ্ট সীমা নেই

এনটিইউ = নেফেলোমেট্রিক টার্বিডিটি ইউনিট

/50লি = প্রতি 50 লিটার

# সারণী 1: সনাক্ত হওয়া স্থিতিমাপসমূহ

এই সারণীতে 2018 সালে সনাক্ত হওয়া যাবতীয় স্থিতিমাপের পর্যবেক্ষণের ফলাফল

প্রচলিত ভৌত ও রাসায়নিক স্থিতিমাপসমূহ

স্থিতিমাপ	NYSDOH MCL (সর্বোচ্চ অনুমোদিত মাত্রা)	EPA MCLG (আদর্শ লক্ষ্য)	# নমুনাগুলি	সীমা	গড়	MCL লঙ্ঘন	পানীয় জলে/পানিতে সম্ভাব্য উৎসগুলি
ক্ষারকত্ব (মিগ্রা/লি CaCO <sub>3</sub> )	-	-	309	14 - 80	21	না	প্রাকৃতিক কঙ্কের ক্ষয়
অ্যালুমিনিয়াম (মাইক্রোগ্রা/লি)	50 - 200 <sup>(1)</sup>	-	464	7 - 54	21	না	প্রাকৃতিক কঙ্কের ক্ষয়
বেরিয়াম (মিগ্রা/লি)	2	2	464	0.01 - 0.05	0.02	না	প্রাকৃতিক কঙ্কের ক্ষয়
ব্রোমাইড (মাইক্রোগ্রা/লি)	- <sup>(2)</sup>	-	6	8 - 35	20.4	না	প্রাকৃতিকভাবে উৎপন্ন
ক্যালসিয়াম (মিগ্রা/লি)	-	-	464	5.4 - 29.8	7.6	না	প্রাকৃতিক কঙ্কের ক্ষয়
ক্লোরেট (মিগ্রা/লি)	- <sup>(2)</sup>	-	32	ND - 0.2	0.06	না	সোডিয়াম হাইপোক্লোরাইট ব্যবহার করে পানীয় ক্লোরিনেশনের উপজাত পদার্থ
ক্লোরাইড (মিগ্রা/লি)	250	-	309	12 - 101	20	না	প্রাকৃতিকভাবে উৎপন্ন; সড়ক লবণ
ক্লোরাইড অবশেষ, মুক্ত (মিগ্রা/লি)	4 <sup>(3)</sup>	-	16,033	0.0 - 1.3	0.6 <sup>(3)</sup>	না	নির্বিজকরণের জন্য জলে/পানিতে সংযোজিত বস্তু
ক্রোমিয়াম (মাইক্রোগ্রা/লি)	100	-	464	ND - 3	ND	না	প্রাকৃতিক কঙ্কের ক্ষয়
ক্রোমিয়াম VI (মাইক্রোগ্রা/লি)	- <sup>(2)</sup>	-	32	ND - 0.06	0.04	না	প্রাকৃতিক কঙ্কের ক্ষয়
রং - বস্টন ব্যবস্থা (রেঙের একক - দৃষ্টিগোচর)	-	-	14,700	3 - 35 <sup>(4)</sup>	6	না	জলে/পানিতে লোহা, ম্যাঙ্গানিজ ও জৈব পদার্থের উপস্থিতি
রং - প্রবেশ পথ (রেঙের একক - দৃষ্টিগোচর)	15 <sup>(5)</sup>	-	1,333	3 - 14	6	না	জলে/পানিতে লোহা, ম্যাঙ্গানিজ ও জৈব পদার্থের উপস্থিতি
তামা (মিগ্রা/লি)	1.3 <sup>(6)</sup>	1.3	464	0.002 - 0.088	0.008	না	গৃহস্থালির নল-ব্যবস্থার ক্ষয়প্রাপ্তি; প্রাকৃতিক কঙ্কের ক্ষয়
ক্ষয়কারিতা (লঙ্গেলিয়ার সূচক)	- <sup>(7)</sup>	-	308	-2.74 থেকে - 0.96	-2.2	না	
ফ্লুরাইড (মিগ্রা/লি)	2.2 <sup>(5)</sup>	4	2,103	ND - 0.9	0.7	না	জলে/পানিতে সংযোজিত বস্তু যা দাঁত শক্তিশালী করে; প্রাকৃতিক ক্রকের ক্ষয়
খরত (মিগ্রা/লি CaCO <sub>3</sub> )	-	-	464	18 - 116	27	না	প্রাকৃতিক কঙ্কের ক্ষয়
খরত (গ্রেন/গ্যালন[মার্কিন]CaCO <sub>3</sub> ) <sup>(8)</sup>	-	-	464	1.1 - 6.7	1.5	না	প্রাকৃতিক কঙ্কের ক্ষয়
লোহা (মাইক্রোগ্রা/লি)	300 <sup>(5)(9)</sup>	-	464	ND - 197	32	না	প্রাকৃতিকভাবে উৎপন্ন
সীসা (মাইক্রোগ্রা/লি)	15 <sup>(6)</sup>	0	464	ND - 1	ND	না	গৃহস্থালির নল-ব্যবস্থার ক্ষয়প্রাপ্তি; প্রাকৃতিক কঙ্কের ক্ষয়
মাগনেসিয়াম (মিগ্রা/লি)	-	-	464	1.1 - 10	1.9	না	প্রাকৃতিক কঙ্কের ক্ষয়
ম্যাঙ্গানিজ (মাইক্রোগ্রা/লি)	300 <sup>(5)(9)</sup>	-	476	ND - 93	17	না	প্রাকৃতিকভাবে উৎপন্ন

পরের পাতায় ক্রমশ

# সারণী 1: সনাক্ত হওয়া স্থিতিমাপসমূহ (ক্রমশ)

এই সারণীতে 2018 সালে সনাক্ত হওয়া যাবতীয় স্থিতিমাপের পর্যবেক্ষণের ফলাফল

প্রচলিত ভৌত ও রাসায়নিক স্থিতিমাপসমূহ (ক্রমশ)

স্থিতিমাপ	NYSDOH MCL (সর্বোচ্চ অনুমোদিত মাত্রা)	EPA MCLG (আদর্শ লক্ষ্য)	# নমুনাগুলি	সীমা	গড়	MCL লঙ্ঘন	পানীয় জলে/পানিতে সম্ভাব্য উৎসগুলি
নিকেল (মাইক্রোগ্রাম/লি)	-	-	464	ND - 2	ND	না	প্রাকৃতিক কঙ্কের ক্ষয়
নাইট্রেট (মিগ্রা/লি নাইট্রোজেন)	10	10	309	0.06 - 0.48	0.13	না	সার ধোয়া জল/পানি থেকে; সেপ্টিক ট্যাঙ্ক, নর্দমার পরিস্রুত জল; প্রাকৃতিক কঙ্কের ক্ষয়
নাইট্রাইট (মিগ্রা/লি নাইট্রোজেন)	1	1	305	ND - 0.002 <sup>(10)</sup>	ND	না	সার ধোয়া জল/পানি থেকে; সেপ্টিক ট্যাঙ্ক, নর্দমার পরিস্রুত জল; প্রাকৃতিক কঙ্কের ক্ষয়
pH (pH একক)	6.8 - 8.2 <sup>(11)</sup>	-	16,034	7.0 - 10.8	7.4	না	
ফসফেট, অর্থ- (মিগ্রা/লি)	1-4 <sup>(11)</sup>	-	16,032	0.3 - 2.6	2.1	না	ক্ষয়প্রাপ্ত নিয়ন্ত্রণে জলে/পানিতে সংযোজিত বস্তু
পটাশিয়াম (মিগ্রা/লি)	-	-	464	0.5 - 2.8	0.7	না	প্রাকৃতিক কঙ্কের ক্ষয়
সিলিকা [সিলিকন অক্সাইড] (মিগ্রা/লি)	-	-	308	1.7 - 7.5	2.5	না	প্রাকৃতিক কঙ্কের ক্ষয়
সোডিয়াম (মিগ্রা/লি)	NDL <sup>(5) (12)</sup>	-	464	9 - 57	13	না	প্রাকৃতিকভাবে প্রাপ্ত; সড়ক লবণ; জল/পানি মুদুকারী পদার্থ; প্রাণীজ বর্জ্য
আপেক্ষিক পরিবাহিতা (মিউএস/সেমি)	-	-	16,032	82 - 530	120	না	
স্ট্রনশিয়াম (মাইক্রোগ্রাম/লি)	-	-	464	19 - 99	26	না	প্রাকৃতিক কঙ্কের ক্ষয়
সালফেট (মিগ্রা/লি)	250	-	309	3.5 - 21	5.2	না	প্রাকৃতিকভাবে উৎপন্ন
তাপমাত্রা (°ফা)	-	-	16,034	33 - 80	53	না	
মোট দ্রবীভূত কঠিন (মিগ্রা/লি)	500 <sup>(1)</sup>	-	310	37 - 295 <sup>(13)</sup>	72	না	মাটিতে প্রাকৃতিকভাবে উৎপন্ন ধাতু ও লবণগুলি; জৈব পদার্থ
মোট জৈব কার্বন (মিগ্রা/লি)	-	-	459	1.3 - 2.6 <sup>(14)</sup>	1.7	না	পরিবেশে প্রাকৃতিকভাবে উপস্থিত জৈব পদার্থ
মোট জৈব কার্বন - উৎস জল/পানি (মিগ্রা/লি)	- <sup>(2)</sup>	-	6	2.1 - 4.2	3.1	না	পরিবেশে প্রাকৃতিকভাবে উপস্থিত জৈব পদার্থ
অস্বচ্ছতা <sup>(15)</sup> - বণ্টন ব্যবস্থা (NTU)	5 <sup>(16)</sup>	-	14,700	ND - 33.8	1 <sup>(16)</sup>	না	মাটি ধোয়া জল
অস্বচ্ছতা <sup>(15)</sup> - উৎস জল/পানি (NTU)	5 <sup>(17)</sup>	-	-	-	1.6 <sup>(17)</sup>	না	মাটি ধোয়া জল
অস্বচ্ছতা <sup>(15)</sup> - পরিস্রুত জল/পানি (NTU)	TT <sup>(18)</sup>	-	-	-	0.23 <sup>(18)</sup>	না	মাটি ধোয়া জল
UV 254 শোষণ প্রবণতা (সেমি <sup>-1</sup> )	-	-	309	0.025 - 0.045	0.032	না	পরিবেশে প্রাকৃতিকভাবে উপস্থিত জৈব পদার্থ
দস্তা (মিগ্রা/লি)	5 <sup>(5)</sup>	-	464	ND - 0.016	ND	না	প্রাকৃতিকভাবে উৎপন্ন

পরের পাতায় ক্রমশ

# সারণী 1: সনাক্ত হওয়া স্থিতিমাপসমূহ (ক্রমশ)

এই সারণীতে 2018 সালে সনাক্ত হওয়া যাবতীয় স্থিতিমাপের পর্যবেক্ষণের ফলাফল

## জৈব স্থিতিমাপসমূহ

স্থিতিমাপ	NYSDOH MCL (সর্বোচ্চ অনুমোদিত মাত্রা)	EPA MCLG (আদর্শ লক্ষ্য)	# নমুনাগুলি	সীমা	গড়	MCL লঙ্ঘন	পানীয় জলে/পানিতে সম্ভাব্য উৎসগুলি
